

## কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
গবেষণা শাখা-১  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)

নং-১২.০০.০০০০.০৬২.০৬.০০৪.১৬-১৯

তারিখ: ০৮ জানুয়ারি ২০১৭খ্রি:।

**বিষয় :** কৃষি প্রযুক্তি হস্তান্তর ও সম্প্রসারণ বিষয়ক প্রস্তাবিত কারিগরি কমিটির বিষয়ে মতামত প্রেরণ।

১। সূত্র: কৃষি মন্ত্রণালয় এর পত্র নং-১২.০০.০০০০.০৬২.০৬.০০৪.১৬, তারিখ: ০৫-০৯-২০১৬ইং।

২। সূত্র: কৃষি মন্ত্রণালয় এর পত্র নং-১২.০০.০০০০.০৬২.০৬.০০৪.১৬.৪৯২, তারিখ: ০৩ অক্টোবর ২০১৬খ্রি:।


কৃষি প্রযুক্তি হস্তান্তর ও সম্প্রসারণ বিষয়ক কারিগরি কমিটি সমূহের (NATCC, RTC, DTC ও UTC) গঠন, কার্যপরিধি এবং কার্যপদ্ধতি পর্যালোচনা ও চূড়ান্তকরণ বিষয়ে গত ৩০-০৮-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

“সভায় অংশগ্রহণকারী কর্মকর্তা/বিজ্ঞানীগণ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কৃষি প্রযুক্তি হস্তান্তর ও সম্প্রসারণ বিষয়ক প্রস্তাবিত কারিগরি কমিটি সমূহের (NATCC, RTC, DTC ও UTC) গঠন, কমিটির কার্যপরিধি এবং কমিটির কার্যপদ্ধতি সম্পর্কে সুস্পষ্ট ও বাস্তব সম্মত মতামত প্রদান করবেন”।

সভার সিদ্ধান্ত অনুযায়ী কৃষি প্রযুক্তি হস্তান্তর ও সম্প্রসারণ বিষয়ক প্রস্তাবিত কারিগরি কমিটি সমূহের (NATCC, RTC, DTC ও UTC) গঠন, কমিটির কার্যপরিধি এবং কমিটির কার্যপদ্ধতি সম্পর্কে সুস্পষ্ট ও বাস্তব সম্মত মতামত আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য সূত্রোক্ত পত্রে অনুরোধ করা হয়। এ বিষয়ে এখনও কোন মতামত পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, সভার সিদ্ধান্ত অনুযায়ী কৃষি প্রযুক্তি হস্তান্তর ও সম্প্রসারণ বিষয়ক প্রস্তাবিত কারিগরি কমিটি সমূহের (NATCC, RTC, DTC ও UTC) গঠন, কমিটির কার্যপরিধি এবং কমিটির কার্যপদ্ধতি সম্পর্কে সুস্পষ্ট ও বাস্তব সম্মত মতামত আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। অন্যথায় এ বিষয়ে কোন মতামত নেই মর্মে বিবেচনা করা হবে।

০৩। এ সংক্রান্ত তথ্য এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.moa.gov.bd](http://www.moa.gov.bd)) এর আদেশ/প্রজ্ঞাপন এ পাওয়া যাবে।

  
(আমেনা বেগম)

উপসচিব

ফোনঃ ৯৫৫৪৯৩৯

ই-মেইল: [research1moa@gmail.com](mailto:research1moa@gmail.com)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।

০২। মহাপরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল ট্রেনিং একাডেমী, গাজীপুর।

০৩। মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।

০৪। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

✓ প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০২। অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের সদয় অবগতির জন্য]।